সেপ্টেম্বরে বড়পর্দায় দেখা দেবেন শাহরুখ

‘জিরো’র ব্যর্থতার পর নতুন কোনো ছবির ঘোষণা দেননি শাহরুখ। ফিরিয়েছেন একের পর এক প্রস্তাব। হুট করেই শোনা গেল, সেপ্টেম্বরে বড়পর্দায় দেখা যাবে এই অভিনেতাকে।

মালায়ালাম অভিনেতা দুলকার সালমান ও সোনম কাপুর জুটির প্রথম সিনেমা ‘দ্য জয়া ফ্যাক্টর’-এর অংশ হয়েছেন কিং খান। বলিউড হাঙ্গামাকে দেওয়া এক সাক্ষাৎকারে দুই তারকা জানান, তাদের সিনেমায় শাহরুখও থাকছেন।

মূলত ক্যামিও চরিত্রে অভিনয় করেছেন বলিউড বাদশাহ। তবে তার চরিত্র বা পর্দা উপস্থিতির ব্যাপ্তি নিয়ে মুখ খোলেননি দুলকার বা সোনম।

আনুজা চৌহানের একই নামের উপন্যাস অবলম্বনে নির্মিত হয়েছে ‘দ্য জয়া ফ্যাক্টর’। বই অনুসারেই ছবির ছোট একটি অংশ শাহরুখ। এ বিষয়ে জিজ্ঞাসা করা হলে ইতিবাচক উত্তর দেন সোনম। ‘চার্লি’-খ্যাত দুলকারও জানান, সিনেমাটিতে দর্শকদের জন্য দারুণ চমক অপেক্ষা করছে।

ছবিতে দুলকারের চরিত্র ভারতীয় ক্রিকেট দলের অধিনায়ক নিখিল খোদার। তার সঙ্গে ঘটনাচক্রে পরিচয় অ্যাডভারটাইজিং এজেন্ট জয়া সোলাঙ্কির। নিখিল তাকে দলের জন্য সৌভাগ্যের কারণ মনে করেন। এই নিয়ে মজার মজার কাণ্ড ঘটতে থাকে। তার সবটাই দেখা যাবে ২০ সেপ্টেম্বর মুক্তি পাওয়া ‘দ্য জয়া ফ্যাক্টর’-এ।

এদিকে স্যালুট, ডন থ্রিসহ বেশ কিছু ছবি ফিরিয়ে দেওয়ার পর শোনা যাচ্ছে সঞ্জয়লীলা বানশালির ‘ইনশাল্লাহ’ টিমে যোগ দিচ্ছেন শাহরুখ। সালমান খানের ছেড়ে দেওয়া ওই ছবিতে আলিয়া ভাটের বিপরীতে অভিনয় করবেন তিনি। এ ছাড়া সম্প্রতি নেটফ্লিক্সের জন্য সিরিজ নির্মাণ করেছেন শাহরুখ।